# আত-তাকভীর | At-Takwir | ٱلتَّكۡوِير

আয়াতঃ ৮১ : ৩

## আরবি মূল আয়াত:

وَ اِذَا الۡجِبَالُ سُیِّرَتۡ ۪ۙ﴿۳﴾

## অনুবাদসমূহ:

আর পর্বতগুলোকে যখন সঞ্চালিত করা হবে। — আল-বায়ান

পর্বতগুলোকে যখন চলমান করা হবে, — তাইসিরুল

পর্বতসমূহকে যখন চলমান করা হবে, — মুজিবুর রহমান

And when the mountains are removed — Sahih International

### ৩. আর পর্বতসমূহকে যখন চলমান করা হবে(১),

(১) পাহাড়সমূহকে কয়েকটি পর্যায়ে চলমান করা হবে। প্রথমে তা বিক্ষিপ্ত বালুরাশির মত হবে, তারপর তা ধূনিত পশমের মত হবে, সবশেষে তা উৎক্ষিপ্ত ধূলিকণা হয়ে যাবে এবং তার জায়গায় আর অবস্থিত থাকবে না। [সা’দী]

তাফসীরে জাকারিয়া

### ৩। পর্বতসমূহকে যখন চালিত করা হবে, [1]

[1] অর্থাৎ, যমীনকে উপড়ে দেওয়ার পর হাওয়াতে উড়িয়ে দেওয়া হবে। আর সে ধূনিত তুলোর ন্যায় উড়তে থাকবে।

তাফসীরে আহসানুল বায়ান

Source — https://www.hadithbd.com/quran/link/?id=5803

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন